দৈনিক বাংলা

তারিখ ...09 MAY 1990
পৃষ্ঠা ...7... কলাম ...৮...

26

29

শিক্ষক সমিতি ফেডারেশন

# পরীক্ষায় নকল ও দুর্নীতি রোধে সবার সহযোগিতা চাই

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ একেএম শহীদুল্লাহ আসন্ন এসএসসি পরীক্ষায় নকল ও দুর্নীতি প্রতিরোধে শিক্ষকদের পাশাপাশি সকল স্তরের জনগণকে সক্রিয় ভূমিকা পালনের

(৫-এর পৃঃ দ্রঃ)

## সহযোগিতা চাই

(প্রথম পৃঃ পর)

আহবানজানিয়েছেন।

মঙ্গলবার স্থানীয় একটি রেস্তোরাঁয় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি এই আহবান জানান।

তিনি বলেন, শিক্ষা জাতির মেরু-দন্ড এবং উন্নয়নের বাহন। যে জাতির শিক্ষা ও শিক্ষাঙ্গন কলুষমুক্ত নয়, সে জাতির ভাগ্য বিপর্যয় অনিবার্য। এদিক থেকে আমরা একটি বিপর্যয়ের দিকে ধাবমান বলে উল্লেখ করে তিনি এই অশুভ প্রবণতা রোধে সক্রিয় ভূমিকা গ্রহণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি বলেন, পরীক্ষা ও শিক্ষাঙ্গনের দুর্নীতি ও অসাধুতার বিরুদ্ধে সর্বস্তরে শক্তিশালী ঐকমত্য গড়ে তোলার মাধ্যমেই অবস্থার উন্নতি ঘটানো সম্ভব।

আসন্ন এসএসসি পরীক্ষা সম্পর্কে তিনি বলেন, ইতিমধ্যে ফেডারেশনের উপজেলা ও জেলা পর্যায়ের কমিটি ও স্থানীয় শিক্ষক নেতৃবৃন্দকে পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও দুর্নীতি-রোধকল্পে সম্ভাব্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয়েছে। তাদের যে কোন হুমকি মোকাবেলা করে নিষ্ঠা, সততা ও সাহসিকতার সাথে পরীক্ষা সংক্রান্ত কাজ সম্পাদনের অনুরোধ করা হয়েছে বলে তিনিজানান।

তিনি বলেন, পরীক্ষার কাজে নিয়োজিত থাকাকালীন অবস্থায় বহু শিক্ষককে অতীতে দুষ্কৃতকারীদের হাতে লাঞ্ছিত, আহত এমনকি প্রাণ দিতে হয়েছে। তিনি পরীক্ষার দায়িত্বে নিয়োজিত শিক্ষকদের নিরাপত্তা বিধানের সকল ব্যবস্থা গ্রহণের দাবী জানান। একইসাথে গর্হিত কাজে জড়িত আছে প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষকদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানসহ শিক্ষকতার পেশা থেকে তাদেরকে বহিষ্কারের জন্যও তিনি দাবী জানান। তিনি পরীক্ষার কাজে সম্পৃক্ত প্রশাসনের কর্মকর্তাদের গর্হিত যে কোন কাজের বিরুদ্ধেও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানান।